**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি অনুবিভাগ**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
**www.erd.gov.bd**

**প্রেস বিজ্ঞপ্তি**

আজ ১৪ আগস্ট ২০২৩ তারিখ বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে চলমান 'Rural Connectivity Improvement Project' বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত অর্থায়ন হিসেবে ১৯০ (একশত নব্বই) মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি এবং 'Improving Urban Governance and Infrastructure Program' বাস্তবায়নের লক্ষ্যে ৩০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি'র পক্ষে Mr. Edimon Ginting, কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ আবাসিক মিশন, এশীয় উন্নয়ন ব্যাংক, ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি'র আবাসিক মিশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**Rural Connectivity Improvement Project -Second Additional Financing**

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন 'Rural Connectivity Improvement Project' এর মাধ্যমে কৃষিপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে যোগাযোগ সুবিধা সৃষ্টি; গ্রামীণ অবকাঠামোর উন্নয়ন; বিদ্যমান গ্রামীণ সড়ক অবকাঠামোসমূহকে জলবায়ু-সহিষ্ণু ও আবহাওয়া উপযোগীমান-এ উন্নীতকরণ এবং কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে অংশীদারদের সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি করা হবে। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২৭ পর্যন্ত। প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এডিবি সহজ শর্তে অতিরিক্ত অর্থায়ন হিসেবে ১৯০ (একশত নব্বই) মিলিয়ন মার্কিন ডলার COL ঋণ প্রদান করবে। এ ঋণের সুদের হার ২%। এছাড়া, অন্য কোন চার্জ নেই। উল্লেখ্য, ০৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে এ ঋণটি পরিশোধযোগ্য।

**Improving Urban Governance and Infrastructure Program**

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য 'Improving Urban Governance and Infrastructure Program' শীর্ষক কর্মসূচির মাধ্যমে পরিকল্পিত, সমন্বিত ও টেকসই নগরায়ন এবং উন্নত অবকাঠামো ও পরিসেবা নিশ্চিতকরণের উদ্যোগ নেয়া হবে। কর্মসূচির বাস্তবায়নকাল জুলাই ২০২৩ হতে জুন ২০২৮ পর্যন্ত। কর্মসূচিটি বাস্তবায়নের লক্ষ্যে এডিবি সহজ শর্তে ৩০০ (তিনশত) মিলিয়ন মার্কিন ডলার COL ঋণ প্রদান করবে। এ ঋণের সুদের হার ২%। এছাড়া, অন্য কোন চার্জ নেই। উল্লেখ্য, ০৫বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে এ ঋণটি পরিশোধযোগ্য।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে সদস্যলাভের পর হতে এডিবি থেকে এর অর্থনীতির অগ্রাধিকারভুক্ত বিভিন্ন খাতসমূহে ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা পেয়ে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৯,৩৬৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋন সহায়তা এবং ৫৫৩.৪ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি সাধারণত বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানিসম্পদ ও সুশাসন-কে প্রাধান্য দেয়।

১৪।৮।২৩

মোঃ ওয়ালীউল হাসান
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার